দৈনিক বাংলা

007

তারিখ ... ২৮।৪।৮৩ ...
পৃষ্ঠা ... ৫ কলাম ...

# মহিলাদের শিক্ষা

মহিলাদের মধ্যে শিক্ষার প্রসার সমাজে তাদের মর্যাদা বাড়াবে বলে সমাজকল্যাণ ও মহিলাবিষয়কমন্ত্রী ডঃ সাফিয়া খাতুন যে কথা বলেছেন তা খুবই যথার্থ ও গুরুত্বপূর্ণ। একটি বাস্তব প্রয়োজনের দিকই তিনি তুলে ধরেছেন। ঢাকা পৌর কর্পোরেশনের ধানমন্ডী ও লালবাগ থানার ওয়ার্ড কমিটিগুলির মহিলা চেয়ারম্যানদের যৌথ উদ্যোগে আয়োজিত মহিলাদের ওপর নির্যাতন বিরোধী এক মহিলা সমাবেশে প্রধান অতিথির ভাষণে মন্ত্রী আরও বলেছেন যে মহিলাদের মধ্যে শিক্ষার প্রসার শুধু তাদের স্বনির্ভরই করবে না বরং সমাজে তাদের মর্যাদা বৃদ্ধি ও নির্যাতন লাঘব করবে—এমনকি দেশকে অগ্রগতি ও সমৃদ্ধির পথে নিয়ে যাবে।

আমাদের জনসংখ্যার অর্ধেকই মহিলা। সমাজে মহিলাদের মর্যাদা বৃদ্ধি, তাদের সুপ্রতিষ্ঠিত করা এবং এই বিপুল জনশক্তিকে কাজে লাগানো আমাদের জাতীয় দায়িত্ব, এবং দেশের উন্নয়ন ও অগ্রগতি ত্বরান্বিত করার জন্যেই অপরিহার্য। কেননা, দেশের অর্ধেক জনশক্তিকে কাজে লাগাতে না পারলে প্রত্যাশিত উন্নয়ন ও অগ্রগতি আশা করা যায় না। এ জন্যে দরকার মহিলাদের মধ্যে শিক্ষার ব্যাপক প্রসার বিভিন্ন ধরনের শিক্ষাদানের মাধ্যমে তাদের মেধা, প্রতিভা ও কর্মশক্তির বিকাশ সাধন এবং তা স্বনির্ভরতা অর্জন ও অর্থনৈতিক উন্নয়নে কাজে লাগানো।

আমাদের দেশের মহিলারাও জাতীয় জীবনের বিভিন্ন ক্ষেত্রে—বিশেষ করে উন্নয়ন ও অগ্রগতির প্রচেষ্টায় উল্লেখযোগ্য অবদান রাখছে। মহিলাদের ব্যাপকভাবে শিক্ষিত করে তোলা গেলে, এবং তাদের নানা ধরনের প্রশিক্ষণ দিতে পারলে, শুধু অর্থনৈতিক উন্নয়ন এবং আত্মনির্ভরতা অর্জনের ক্ষেত্রেই নয়, জাতীয় অগ্রযাত্রাও তারা পুরুষের পাশাপাশি অধিকতর অবদান রাখতে পারবেন।